



ইসলামিক ফাউন্ডেশন

প্রতিষ্ঠাতা: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।
আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা ১২০৭

॥ প্রেস বিজ্ঞপ্তি ॥

জাতীয় চাঁদ দেখা কমিটির সভায় সিদ্ধান্ত-

পবিত্র রবিউস সানি মাসের চাঁদ দেখা গেছে

আগামীকাল ০৯ ডিসেম্বর থেকে পবিত্র রবিউস সানি মাস গণনা শুরু

১৯ ডিসেম্বর বুধবার সারাদেশে পবিত্র ফাতেহা- ই- ইয়াজদাহম পালিত হবে

ঢাকা, শনিবার, ০৮ ডিসেম্বর ২০১৮ ॥

বাংলাদেশের আকাশে আজ ১৪৪০ হিজরি সনের পবিত্র রবিউস সানি মাসের চাঁদ দেখা গেছে। ফলে আগামীকাল ০৯ ডিসেম্বর রবিবার থেকে পবিত্র রবিউস সানি মাস গণনা শুরু হবে। প্রেক্ষিতে, আগামী ১৯ ডিসেম্বর বুধবার সারা দেশে পবিত্র ফাতেহা- ই- ইয়াজদাহম পালিত হবে।

আজ সন্ধ্যায় ইসলামিক ফাউন্ডেশন বায়তুল মুকাররমস্থ সভাকক্ষে জাতীয় চাঁদ দেখা কমিটির সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়। এতে সভাপতিত্ব করেন ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সচিব মোঃ আনিছুর রহমান।

সভায় তথ্য মন্ত্রণালয়ের যুগ্ম সচিব মোঃ নজরুল ইসলাম, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের যুগ্ম সচিব মুঃ আঃ হামিদ জমাদ্দার, মন্ত্রিপরিষদ বিভাগের উপ-সচিব মোহাম্মদ মিজানুর রহমান, ঢাকা জেলার এডিসি (সাধারণ) মোঃ শহিদুজ্জামান, ইসলামিক ফাউন্ডেশনের সচিব কাজী নুরুল ইসলাম, বাংলাদেশ টেলিভিশনের পরিচালক (প্রশাসন) মোঃ শাখাওয়াত হোসেন, সরকারি মাদ্রাসা- ই- আলিয়ার অধ্যক্ষ মোঃ আলমগীর, ওয়াক্ফ প্রশাসক মোঃ শহীদুল ইসলাম, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের উপ পরিচালক মোঃ আজিজুর রহমান, বায়তুল মুকাররম জাতীয় মসজিদের সিনিয়র পেশ ইমাম হাফেজ মাওলানা মুহাম্মদ মিজানুর রহমান, চকবাজার শাহী জামে মসজিদের ইমাম ও খতীব মাওলানা শেখ নাসিম রেজওয়ান প্রমুখ উপস্থিত ছিলেন।

সভায় ১৪৪০ হিজরি সনের পবিত্র রবিউস সানি মাসের চাঁদ দেখা সম্পর্কে সকল জেলা প্রশাসন, ইসলামিক ফাউন্ডেশন-এর প্রধান কার্যালয়, বিভাগীয় ও জেলা কার্যালয়সমূহ, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর এবং মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান হতে প্রাপ্ত তথ্য নিয়ে পর্যালোচনা করে দেখা যায় যে, অদ্য ২৯ রবিউল আউয়াল ১৪৪০ হিজরি, ২৪ অগ্রহায়ণ ১৪২৫ বঙ্গাব্দ, ০৮ ডিসেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ শনিবার সন্ধ্যায় বাংলাদেশের আকাশে পবিত্র রবিউস সানি মাসের চাঁদ দেখা যাওয়ার সংবাদ পাওয়া গেছে। এমতাবস্থায়, আগামীকাল ২৫ অগ্রহায়ণ ১৪২৫ বঙ্গাব্দ, ০৯ ডিসেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ রবিবার থেকে ১৪৪০ হিজরি সনের পবিত্র রবিউস সানি মাস গণনা শুরু হবে।

প্রেক্ষিতে, আগামী ১১ রবিউস সানি ১৪৪০ হিজরি, ০৫ পৌষ ১৪২৫ বঙ্গাব্দ, ১৯ ডিসেম্বর ২০১৮ খ্রি. বুধবার সারাদেশে পবিত্র ফাতেহা- ই- ইয়াজদাহম পালিত হবে।

(শায়লা শারমীন)

সহকারি জনসংযোগ কর্মকর্তা

ইসলামিক ফাউন্ডেশন

মোবাইল ০১৫৫-৩৫৩৬২৭৬